


ভর্তি

বিএসএমএমইউতে নার্সিংয়ে আবেদন ৩০ মে পর্যন্ত, আবেদনকারীকে অবিবাহিত হতে হবে

নিজস্ব প্রতিবেদক ঢাকা



নার্স প্রতীকী ছবি

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের (বিএসএমএমইউ) নার্সিং অনুষদে ২০২২-২৩ শিক্ষাবর্ষে চার বছর মেয়াদি ব্যাচেলর অব সায়েন্স ইন নার্সিং কোর্সে প্রথম বর্ষে ভর্তির আবেদন চলছে। আগ্রহীরা অনলাইনে ৩০ মে পর্যন্ত আবেদন করতে পারবেন।

আবেদনের যোগ্যতা

*এসএসসি/সমমান পরীক্ষায় বিজ্ঞান বিভাগ থেকে ১০১৯ ও ১০১০ সালে ও এইচএসসি/সমমান পরীক্ষায় বিজ্ঞান

By using this site, you agree to our Privacy Policy. [OK](#)

বিভাগ থেকে ২০২১ ও ২০২২ সালে অনুষ্ঠিত পরীক্ষার উন্নীর্ণরা আবেদন করতে পারবেন।

*এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমানের পরীক্ষাগুলোর জিপিএর যোগফল ন্যূনতম ৭ থাকতে হবে। তবে কোনো পরীক্ষায় জিপিএ-৩-এর কম হলে চলবে না। উভয় পরীক্ষায় জীববিজ্ঞানে জিপিএ-৩ থাকতে হবে।

*প্রার্থীকে অবশ্যই অবিবাহিত হতে হবে। কোর্স চলাকালে বিবাহবন্ধনে আবদ্ধ হতে পারবেন না। কোর্সের যেকোনো পর্যায়ে বিবাহিত প্রমাণিত হলে ভর্তি বাতিল করা হবে।

বয়সসীমা

চলতি বছরের ৩০ মে আবেদনকারীর বয়স অনুধর্ম-২২ বছর হতে হবে।

আবেদন যেভাবে

আগ্রহী প্রার্থীদের ওয়েবসাইটের মাধ্যমে অনলাইনে আবেদন করতে হবে।

পরীক্ষা কবে

আগামী ৩ জুন সকাল ১০টায় বিএসএমএমইউ ক্যাম্পাসে অনুষ্ঠিত হবে ভর্তি পরীক্ষা। পরীক্ষার ফলাফল ৩ জুন বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশ করা হবে। মৌখিক পরীক্ষা ৭ জুন সকাল ৯টায় গ্র্যাজুয়েট নার্সিং বিভাগ, একাডেমিক ভবন, বিএসএমএমইউ, পরীবাগ, ঢাকায় হবে।

*বিস্তারিত জানতে ক্লিক করুন এখানে।



সম্পাদক ও প্রকাশক : মতিউর রহমান

স্বত্ত্ব © ২০২৩ প্রথম আলো